দৈনিক
ইনকিলাব

তারিখ 03 JAN 2008
পৃষ্ঠা 12 কলাম 2

# নীতিমালা না থাকায় সরকারী স্কুলগুলোতে বদলী আতংক

## বদলী সার্কুলার জারি : হতাশা ও ক্ষোভ

মোঃ আবদুর রহিম

সরকারী মাধ্যমিক শিক্ষকদের বদলীর ক্ষেত্রে কোন সুষ্ঠু নীতিমালা অনুসৃত না থাকায় দেশের সরকারী মাধ্যমিক স্কুলসমূহের শিক্ষকদের মধ্যে বদলী ও হয়রানি আতংক বিরাজ করছে। শিক্ষা মন্ত্রণালয় ও শিক্ষা অধিদপ্তরকে পদোন্নতির মাধ্যমে বদলীর পরিবর্তে আতংক সৃষ্টি করে বদলী বাণিজ্যে অধিক তৎপর দেখা যাচ্ছে। বিদ্যালয় ও পরিদর্শন শাখায় ৬৮১টি পদের মধ্যে ৪৬১টি পদ শূন্য থাকা সত্ত্বেও কর্মকর্তাগণ পদোন্নতির মাধ্যমে শূন্যপদ পূরণের পরিবর্তে বদলী তৎপরতা শুরু করেছে। অথচ পদোন্নতির মাধ্যমে বদলী নীতিমালা অনুসৃত হলে একই স্কুলে একজন শিক্ষকের ১ যুগ থাকার সুযোগ থাকতো না। অভিজ্ঞ শিক্ষকগণ দেশের বিভিন্ন স্কুলে ছড়িয়ে ছিটিয়ে থেকে উত্তম শিক্ষাদানে ব্যাপক ভূমিকা রাখতে পারতেন। এতে শিক্ষকগণের মধ্যে যেমন কর্মচাঞ্চল্য ও উদ্যম সৃষ্টি হতো, অপরদিকে বদলী ঠেকানোর অসহ যন্ত্রণা ও অহেতুক বড় অংকের অর্থ ব্যয়ে স্কুলে শিক্ষাদান না করে শিক্ষা পৃঃ ১৫ ঃ কঃ ২

### নীতিমালা না

১২-এর পৃষ্ঠার পর

অধিদপ্তর এবং শিক্ষা মন্ত্রণালয়ে তদবিরের কাজে ব্যস্ত থাকতে হতো না। সম্প্রতি সরকারী স্কুলসমূহে ৫ বছর একই বিদ্যালয়ে আছেন এমন শিক্ষকদের বদলীর সার্কুলার জারি হওয়ায় একদিকে শিক্ষকদের মধ্যে যেমন বদলী আতংক সৃষ্টি হয়েছে, তেমনি হতাশা এবং ক্ষোভ সৃষ্টি হয়েছে। উপরিউক্ত সার্কুলার জারির কারণে বদলীর কোন সুষ্ঠু নীতিমালা না থাকায় শিক্ষা অধিদপ্তর আঞ্চলিক উপ-পরিচালকের অফিসের কর্মকর্তা এবং কোন কোন প্রধান শিক্ষকদের যোগসাজশে বহু নিরীহ শিক্ষক হয়রানির শিকার হচ্ছেন এবং হবেন বলে অভিযোগ এসেছে।

ইতোপূর্বে সরকার শিক্ষকদের বিষয়ভিত্তিক সমন্বয়ের নির্দেশ জারি করলেও সে নির্দেশ যথাযথ কার্যকর হয়নি। উল্লেখ্য, সারা দেশে সরকারী মাধ্যমিক বিদ্যালয়ে সামাজিক বিজ্ঞান বিষয়ে ৩ শতাধিক অতিরিক্ত শিক্ষক এখনও সমন্বয়হীনভাবে রয়েছেন। এ বিষয়ে কোন প্রকার ব্যবস্থা না নিয়ে বদলী প্রক্রিয়া শুরু করা হচ্ছে বলে জানা গেছে। এর ফলে সরকারী স্কুলের সাধারণ শিক্ষকদের মধ্যে চরম ক্ষোভের সৃষ্টি হয়েছে। বিভিন্ন স্কুলের শিক্ষক এবং শিক্ষক নেতৃবৃন্দের সাথে যোগাযোগ করে জানা গেছে, শূন্যপদ পূরণের মাধ্যমে বদলী এবং বদলীর পূর্বে বিষয় ভিত্তিক অতিরিক্ত শিক্ষকগণের সমন্বয় সাধন করা না হলে, বদলীর বিরুদ্ধে আদালতের আশ্রয় নেয়ার মত ঘটনা ঘটতে পারে।

86 Report